

[ একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি শিক্ষা অধিদপ্তর

উপবৃত্তি সেল

এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.techedu.gov.bd

নম্বর: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৯.২৫-৩৩৬

তারিখ: ২২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রি.

## “সভার বিজ্ঞপ্তি”

“কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩” অনুযায়ী নতুন শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির জন্য আবেদন আহ্বান করে বিগত ১৮ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখে ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৯.২৫-৩৩৬ সংখ্যক বিজ্ঞপ্তি ওয়েবসাইটে এবং ১৯ ডিসেম্বর, ২০২৫ খ্রি. তারিখে ‘দৈনিক আমার দেশ’ ও ‘The Financial Express’ পত্রিকায় প্রকাশিত হয়। এ প্রেক্ষিতে ৮টি আঞ্চলিক কার্যালয়ে সর্বমোট ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানের আবেদন জমা হয়। আবেদনপত্রসমূহ যাচাই-বাছাই শেষে আঞ্চলিক কার্যালয় হতে ৫৩টি প্রতিষ্ঠানকে সুপারিশযোগ্য, ১টি প্রতিষ্ঠানকে ‘DTE Stipend MIS-এ ইতোমধ্যে বিদ্যমান’ এবং ০৩টি প্রতিষ্ঠানকে সুপারিশযোগ্য নয় মর্মে চিহ্নিত করে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করে।

০২। উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ অনুযায়ী গঠিত কেন্দ্রীয় কমিটির একটি সভা কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ০৩ মার্চ ২০২৬ খ্রি.

সময় : সকাল ১১.০০ টা

সভার স্থান : মহাপরিচালকের সম্মেলন কক্ষ (২য় তলা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০৩। সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

- আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের সুপারিশসহ আবেদনপত্রসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই-বাছাই;
- উপবৃত্তি প্রাপ্তির যোগ্য কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্তকরণ ও অনুমোদন;
- চূড়ান্তভাবে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য DTE Stipend MIS-এ এন্ট্রি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে USER ID ও PASSWORD প্রদানের জন্য সুপারিশ করা;
- বিবিধ।

০৪। সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ড. রেজা হাসান মাহমুদ)  
সহকারী পরিচালক-১০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ৪-৬। পরিচালক (পিআইডব্লিউ / প্রশাসন / ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৭। পরিচালক (পি আই ইউ/উপবৃত্তি সংশ্লিষ্ট), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৯-১০। সহকারি পরিচালক-১ / সহকারি পরিচালক-৫, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ১১। সহকারি পরিচালক-১০ (উপবৃত্তি সংশ্লিষ্ট শাখা), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং সভাকক্ষে ল্যাপটপ এবং প্রজেক্টর নিশ্চিত করার অনুরোধসহ);
- ৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ;
- ৪। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (সভায় ২০ জনের আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৬। সংশ্লিষ্ট নথি।